



দিন যাপন

কেমন আছি? বেশতো শুধোন
বলবো, আমি ভালোই আছি—
বন্ধ জীবন, অবাধ মরণ
কোনো একটার কাছাকাছি।

আগল ভাঙা ছিলো জীবন
যেমন জীবন বাউল চায়
যৌবনেরই চপল পবন
ধাক্কা দিলো জীবন-নায়।

অকূল গাওে আকূল করা
নাও ভাসানো বিষম দায়
স্বপ্ন,—শুধু স্বপ্নে ভরা
ডুবলো সে নাও মাঝ-দরিয়ায়।

কেমন আছি? বেশতো শুধোন
এবার দেবো সরল সোজা
গলি ঘুঁজির বন্ধ জীবন
মনের সুখে মরণ খোঁজা।

বলতে পারেন, ভালোই আছি
এই জীবনের নাট্যশালায়
পথ খুঁজছি অন্ধমাছি
দুঃখ-সুখের নিত্য জুলায়।

বকুল ফুলের গন্ধে বিভোর
রাতগুলো সব নিদ্দেশ
ব্যাকুল আজও চিন্ত-চকোর
তৃষ্ণা তো তার হয়নি শেষ!

বেশতো আছি সকাল-সাঁঝে
হাত-পা ছুঁড়ে ঝাঁকা সোজা
জীবন নামক বনের মাঝে
মনের সুখে মরণ খোঁজা।

বসু ভদ্র